

💵 মুসনাদে আহমাদ

হাদিস নাম্বারঃ ৩৬৩

মুসনাদে উমার ইবনুল খাত্তাব (রাঃ) [উমারের বর্ণিত হাদীস] (مسند عمر بن الخطاب)

আরবী

حَدَّثَنَا حَجَّاجٌ، أَخْبَرَنَا شُعْبَةُ، سَمِعْتُ أَبَا جَمْرَةَ الضُّبَعِيَّ يُحَدِّثُ عَنْ جُوَيْرِيَةَ بْنِ قُدَامَةَ، قَالَ: حَجَجْتُ فَأَتَيْتُ الْمَدِينَةَ الْعَامَ الَّذِي أُصِيبَ فِيهِ عُمَرُ، قَالَ: فَخَطَبَ فَقَالَ: إِنِّي رَأَيْتُ كَأَنَّ دِيكًا أَحْمَرَ نَقَرَنِي نَقْرَةً أَوْ نَقْرَتَيْنِ _ شُعْبَةُ الشَّاكُ _ قَالَ: فَمَا لَبِثَ إِلَّا جُمُعَةً حَتَّى كُأْنَّ دِيكًا أَحْمَرَ نَقَرَنِي نَقْرَةً أَوْ نَقْرَتَيْنِ _ شُعْبَةُ الشَّاكُ _ قَالَ: فَمَا لَبِثَ إِلَّا جُمُعَةً حَتَّى طُعِنَ ... فَذَكَرَ مِثْلَهُ، إِلَّا أَنَّهُ قَالَ: وَأُوصِيكُمْ بِأَهْلِ ذِمَّتِكُمْ، فَإِنَّهُمْ ذِمَّةُ نَبِيكُم قَالَ فِي الْأَعْرَابِ: وَأُوصِيكُمْ بِالْأَعْرَابِ، فَإِنَّهُمْ إِخْوَانُكُمْ، وَعَدُقُ عَدُوكُمْ عَدُوكُمْ وَعَدُقُ عَدُوكُمْ وَعَدُقُ عَدُوكُمْ وَعَدُقُ عَدُوكُمْ

إسناده صحيح على شرط البخاري. حجاج: هو ابن محمد المصيصي. انظر ماقبله

বাংলা

৩৬৩। জুয়াইরিয়া ইবনে কুদামার উদ্ধৃতি দিয়ে শুবা বলেন, যে বছর উমার (রাঃ) আহত হন, সে বছর আমি হজ্জ করলাম এবং মদীনায় এলাম। তিনি ভাষণ দিলেন। বললেনঃ আমি স্বপ্ন দেখলাম যেন একটা লাল মোরগ আমাকে একটা বা দুইটা ঠোকর মারলো। (শু'বার সংশয়)। জুয়াইরিয়া বলেনঃ এরপর এক জুমুআ না যেতেই তিনি ছুরিকাহত হলেন। এরপর পূর্বোক্ত হাদীসের মতই বিবরণ দিলেন। কেবল এতটুকু পার্থক্য যে, তিনি বললেনঃ অমুসলিমদের সম্পর্কে তোমাদেরকে ওয়াসিয়াত করছি। কেননা তারা তোমাদের নবীর দায়ভুক্ত। শু'বা বলেনঃ পুনরায় তাকে জিজ্ঞাসা করলাম। তিনি মরুবাসীদের সম্পর্কে বললেনঃ তোমাদেরকে মরুবাসী সম্পর্কে ওয়াসিয়াত করছি। কেননা তারা তোমাদের ভাই এবং তোমাদের শক্রর শক্র।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন